



পরিবর্তনের বদলে পুরনো পথে বিএনপি: বদিউল আলম মজুমদার



বদিউল আলম মজুমদার। ছবি: সংগৃহীত

সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক বদিউল আলম মজুমদার মন্তব্য করেছেন, জনসমর্থন থাকা সত্ত্বেও সংবিধান সংস্কারের প্রতিশ্রুতি পূরণে বিএনপি এখনো আগের পথেই এগোচ্ছে। গুরুত্বপূর্ণ বেশ কিছু অধ্যাদেশ বাতিলের পরও সেগুলোর বাস্তবায়ন নিয়ে ধীরগতির সমালোচনা করেন তিনি। মঙ্গলবার (৭ এপ্রিল) রাজধানীর সিরডাপ মিলনায়তনে জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে আয়োজিত এক গোলটেবিল আলোচনায় তিনি এসব কথা বলেন। তিনি উল্লেখ করেন, অতীতে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসা সরকারগুলোও জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে। তবে তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, গুরুত্বপূর্ণ অধ্যাদেশগুলো শেষ পর্যন্ত বাস্তবায়নে উদ্যোগ নেবে বিএনপি। একই সঙ্গে, জুলাই সনদ বাস্তবায়নে রাষ্ট্রপতির আদেশ জারির ক্ষমতা নেই—এমন যুক্তি এবং ‘নোট অব ডিসেন্ট’-এর ব্যাখ্যাকে অযৌক্তিক বলেও মন্তব্য করেন তিনি। অজুহাত পরিহার করে নির্ধারিত ১৮০ দিনের মধ্যেই জুলাই সনদ কার্যকর করতে সরকারের প্রতি জোরালো আহ্বান জানান বদিউল আলম মজুমদার।